

দাজিলিঙে ক্যান্সার নির্ণয়

আজকালের প্রতিবেদন: শিলিগুড়ি, ৫ নভেম্বর—
সচেতনতার অভাবেই ক্যান্সার জটিল চেহারা নিচ্ছে।
আগেভাগে যদি ক্যান্সার নির্ণয়ের জন্য সাধারণ পরীক্ষা
করানো যায়, তবে ক্যান্সারের চিকিৎসাও সহজ হয়ে যায়।
ক্যান্সার সম্পর্কে বুধবার শিলিগুড়িতে সাংবাদিক বৈঠকে
এমনই মত দিলেন মেডিকা ক্যান্সার হাসপাতালের চিফ
অফ্ফেলজিস্ট ডাঃ পঙ্কজ চৌধুরি। ডাঃ চৌধুরি বলেন, এই
এলাকায় তামাক সেবনে ক্যান্সার আক্রান্তের হার ক্রমেই
বাড়ছে। মহিলাদের বক্ষ ক্যান্সার, গর্ভাশয়ের ক্যান্সারও
বাড়ছে। তার জন্য প্রয়োজন রয়েছে শনাক্তকরণের।
মেডিকা ক্যান্সার হাসপাতালের পক্ষ থেকে বিনামূল্যে
মাসে ৮টি এই ক্যান্সার নির্ণয় শিবির করা হয়। আগামী ৭
নভেম্বর দাজিলিঙে শিবির হচ্ছে। আরেক চিকিৎসক ডাঃ
সলিল দত্ত বলেন, ক্যান্সার চিকিৎসার সমস্ত সুবিধা রয়েছে
উত্তরের রাঙাপানিতে। এখানকার গরিব সাধারণ
মানুষদের বাইরে যাওয়া ঠেকাতে নিরলস কাজ করে
চলছে রাঙাপানির ক্যান্সার হাসপাতাল। ডাঃ সৌরভ গুহ
বলেন, শিলিগুড়ি-সংলগ্ন ক্যান্সার হাসপাতালটি এখন
উত্তরের গর্ব হয়ে উঠেছে।